

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৬৫৬  
ধৰ্মনগর, ১৪ নভেম্বর, ২০২৩

### যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সাধারণ সভা

যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সাধারণ সভা সম্প্রতি যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ দাস। সভায় উপস্থিত ছিলেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহানন্দ দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য দিলীপ বর্ধন, সদস্য সুনীতি নাথ, ব্লকের বিডিও নুরুজ জামান ইসলাম, অতিরিক্ত বিডিও রিম্পি দেব, বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে যক্ষ্মারোগ মুক্ত গ্রামপঞ্চায়েত গড়ে তোলার লক্ষ্যে সচেতনতামূলক আলোচনা করা হয়। এছাড়াও ব্লকভিত্তিক যুব উৎসব আয়োজনের জন্য সভায় আলোচনা করা হয়। সভায় প্রতি ঘরে সুশাসন ২.০ নিয়েও আলোচনা করা হয়।

\*\*\*\*\*